

# বাউবির স্নাতকোত্তর ভর্তি পরীক্ষা ১৭ এপ্রিল

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমএ ও এমএসএস প্রোগ্রামের ভর্তি পরীক্ষা আগামী ১৭ এপ্রিল অনুষ্ঠিত হবে।

সোমবার (৬ এপ্রিল) প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ভর্তি পরীক্ষা ১৭ এপ্রিল সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের মধ্য থেকে নির্বাচিতদের আসন বিন্যাস পরবর্তী সময় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

